

**আইন অনুষদ**  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)  
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০  
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

**নোটিশ**

A-ইউনিটে (কলা, আইন সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউট) ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ২০১৯-২০২০ শিক্ষা বর্ষে ফারসি ভাষা ও সাহিত্য-১৩টি, উর্দু-৩০টি, সংস্কৃত-২৩টি, ইংরেজী-২টি, মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগে-৭টি এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউটে-১টি আসন শূন্য থাকায় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রবেশপত্র আগামী ২৮/০১/২০২০ থেকে ০৩/০২/২০২০ তারিখ দুপুর ২:০০ টার মধ্যে A-ইউনিট (আইন অনুষদ অফিসে) জমা দেওয়ার জন্য বলা হলো। উক্ত তারিখের মধ্যে যে সকল পরীক্ষার্থী প্রবেশপত্র জমা দিতে ব্যর্থ হবে তারা ভর্তির জন্য বিবেচিত হবে না। উল্লেখ্য, জমাকৃত প্রবেশপত্রের রোল নম্বরধারী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় মেধাক্রম অনুযায়ী তাদেরকে ভর্তির সুযোগ প্রদান করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের আগামী ০৪/০২/২০২০ থেকে ০৬/০২/২০২০ তারিখ বিকেল ৪:০০ টার মধ্যে নির্ধারিত বিভাগে ভর্তি হতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

**ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:**

১। অনলাইনে <http://admission.ru.ac.bd> -তে ০৪ ফেব্রুয়ারি ২০২০ সকাল ১০টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থী নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।

২। ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। [ টাকার পরিমাণ ইউনিট-A ৪,৯১০ (চার হাজার নয়শত দশ) টাকা এবং জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও [online admission guideline](#) থেকে জানা যাবে।

৩। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

৪। কাগজপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস এস সি ও এইচ এস সি মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ১৪০০.০০ (এক হাজার চারশত) টাকা অনুষদ অফিসে জমা দিতে হবে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

*MA Kubi G*

প্রফেসর ড. এম. আহসান কবির  
চীফ কো-অর্ডিনেটর

A-ইউনিট (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউট)  
১ম বর্ষ বিএ, বিপিএ, এলএলবি, বিএসএস, বিএফএ, বিএড (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

ও

ডীন, আইন অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।